আলমডাঙ্গায় রাস্তা পারের সময় ইজিবাইকের ধাক্কায় প্রাণ গেল শিশু রাহেনের

আলমডাঙ্গার রোয়াকুলি গ্রামে রাস্তা পারাপারের সময় অটোরিকশার ধাক্কায় শিশু রাইহানের করুণ মৃত্যু। আলমডাঙ্গা উপজেলার জেহালা ইউনিয়নের রোয়াকুলি গ্রামে সড়ক দুর্ঘটনায় শিশু রাইহান উদ্দিনের করুণ মৃত্যু হয়েছে।

জানা গেছে, রোয়াকুলি গ্রামের প্রবাসী শামিম হোসেনের ছেলে রাইহান উদ্দিন বৃহস্পতিবার সকাল ১০টার দিকে রাস্তা পার হয়ে মুদির দোকানে চিপস কিনতে যায়। চিপস কিনে ফেরার পথে রাস্তা পার হওয়ার সময় মুন্সিগঞ্জ থেকে দ্রুতগতিতে ছুটে আসা একটি অটোরিকশা তাকে ধাক্কা দেয়।

স্থানীয়রা রাইহানকে উদ্ধার করে আলমডাঙ্গা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

দর্শনায় ট্রেনে ধাক্কা লেগে ভ্যানচালকের মৃত্যু

দর্শনায় বেনাপোল এক্সপ্রেস টেনে ধাক্কা লেগে ভ্যান চালক সবদদুলের মৃত্যু হয়েছে। শুক্রবার ৩ অক্টোবর ভোর ৫ টার দিকে দর্শনা হল্ট স্টেশনের পাশে নিজ বাড়ি সংলগ্ন স্থানে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে।

নিহত সবদুল (৪৬) কুষ্টিয়া জেলার সাঁওতা গ্রামের মৃত, আজিজের ছেলে। সে দক্ষিণ চাঁদপুর গ্রামের হার্ট ডিসিশন বাজার পাড়ার আবু সামার জামাতা।

স্থানীয় সূত্রে জানা যায়, নিহত ভ্যানচালক সব্দুল বিবাহ সূত্রে

দীর্ঘদিন ধরে দক্ষিণ চাঁদপুর গ্রাম হল্ট স্টেশন পাড়ায় জমি কিনে নিজ বসত বাড়িতে বসবাস করে আসছিল। স্টেশন সংলগ্ন বাড়ি হওয়ায় ভ্যান চালানো সহ ট্রেনের কাঁচামাল একস্থান থেকে অন্য স্থানে বহন কাজে নিয়োজিত ছিলো। এরই ধারাবাহিকতায় গতকাল রাত আড়াইটার দিকে গোয়ালন্দ (নকশি কাঁথা) ট্রেনের মালামাল বহন করে বাড়িতে ঘুমাতে যায়। শুক্রবার সাড়ে পাঁচটার দিকে বেনাপোল এক্সপ্রেস ট্রেনের ভাড়া মারার জন্য চোখে ঘুম নিয়ে বাড়ি থেকে বের হয়ে রেল লাইনের ধার দিয়ে পায়ে হেটে স্টেশনের উদ্দেশ্যে আসছিলো ।

এ সময় দুর্ঘটনাবশত ঢাকা থেকে ছেড়ে আসা বেনাপোল গামী বেনাপোল এক্সপ্রেস ট্রেনের ধাক্কায় লাইনের পাশে ছিটকে পড়ে ঘটনাস্থলে মৃত্যুবরণ করেন। পরবর্তীতে ভোর পেরিয়ে সকাল হলে স্থানীয় লোকজন সবদুলের মৃত দেহ দেখতে পায়। পরে পরিবারের লোকজন ঘটনা স্থলে এসে তাকে উদ্ধার করে বাড়িতে নিয়ে যায়।

এ বিষয়ে দর্শনা জিআরপি পুলিশের ইনচার্জ রফিকুল ইসলাম জানান, দুর্ঘটনা খবর শোনার পরপরই ঘটনাস্থলে আমরা পৌঁছায়। বিষয়টি ঊর্ধ্বতন কর্তৃপক্ষকে জানানো হয়েছে। তবে নিহাতের পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ না থাকাই লাশ দাফন কার্যের জন্য পরিবারের সদস্যদের কাছে হস্তান্তর করা হয়েছে।

এদিকে নিহত পরিবারের সদস্যরা জানায়, গতকাল শুক্রবার বাদ জুম্মার শেষে দক্ষিণ চাঁদপুর জামে মসজিদে জানাজা নামাজের পর নতুন গোরস্থানে দাফন সম্পন্ন হয়েছে। মৃত্যুকালে নিহত ভ্যানচালক সবদুলের একটা ছেলে সন্তান ও একটি কন্যা সন্তান রয়েছে।

চ্যাম্পিয়ন্স লিগ শুরুর আগেই ধাক্কা খেল বার্সেলোনা

চ্যাম্পিয়ন্স লিগে নিজেদের প্রথম ম্যাচে ইংলিশ ক্লাব নিউক্যাসেলের মুখোমুখি হতে যাচ্ছে স্প্যানিশ জায়ান্ট বার্সেলোনা। তবে মাঠে নামার আগেই দুঃসংবাদ পেল কাতালানরা। ইনজুরি থেকে পুরোপুরি সেরে না ওঠায় তরুণ স্প্যানিশ তারকা লামিন

ইয়ামালকে পাচ্ছে না তারা।

বৃহস্পতিবার (১৮ সেপ্টেম্বর) দিবাগত রাত ১টায় সেন্ট জেমস পার্কে নিউক্যাসেলের বিপক্ষে মাঠে নামবে বার্সেলোনা। ঘোষিত ২২ সদস্যের দলে নেই ১৮ বছর বয়সী উইঙ্গার ইয়ামাল। তার খেলা নিয়ে আগে থেকেই শঙ্কা থাকলেও শেষ পর্যন্ত সেটিই সত্য হলো।

চলতি মাসের শুরুতে স্পেনের জাতীয় দলের হয়ে বিশ্বকাপ বাছাই ম্যাচ খেলতে গিয়ে হালকা চোট পান ইয়ামাল। ব্যথানাশক নিয়ে মাঠে নামায় চোট আরও জটিল হয়ে ওঠে। ক্যাম্প শেষে বার্সায় ফেরার পর তার কুঁচকিতে ইনজুরি ধরা পড়ে। এই পরিস্থিতিতে তরুণ ফরোয়ার্ডকে অতিরিক্ত ব্যবহারের জন্য জাতীয় দলের প্রতি ক্ষোভ প্রকাশ করেছেন বার্সা কোচ হ্যান্সি ফ্লিক। ভ্যালেন্সিয়ার বিপক্ষেও তাকে মাঠে নামানো হয়নি।

নিউক্যাসেলের বিপক্ষে ইয়ামালের পাশাপাশি আরও দুই তারকাকে পাচ্ছে না বার্সেলোনা। হ্যামস্ট্রিং ইনজুরিতে ভুগছেন ডিফেন্ডার আলেহান্দ্রো বালদে, আর হাঁটুর চোটের কারণে বাইরে আছেন মিডফিল্ডার গাভি। তবে স্বস্তির খবর হচ্ছে, ডাচ মিডফিল্ডার ফ্রেঙ্কি ডি ইয়ং ফিরছেন দলে।

গত মৌসুমে সেমিফাইনালে ইন্টার মিলানের কাছে হেরে টুর্নামেন্ট থেকে বিদায় নিয়েছিল বার্সেলোনা। নতুন মৌসুমে গ্রুপ পর্বে তাদের প্রতিপক্ষ নিউক্যাসল (আওয়ে), পিএসজি (হোম), চেলসি (অ্যাওয়ে), আইনট্রাখট ফ্রাঙ্কফুর্ট (হোম), ক্লাব ব্রুজ (আওয়ে), অলিম্পিয়াকোস (হোম), স্লাভিয়া প্রাহা (আওয়ে) ও কোপেনহেগেন (হোম)।

আলমডাঙ্গায় সড়ক দুর্ঘটনায় নিহত ২

আলমডাঙ্গায় ভোররাতে সড়ক দুর্ঘটনায় ট্রাক হেলপারের মর্মান্তিক মৃত্যু হয়েছে। চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা সড়কের মুন্সিগঞ্জ নিগার

সিদ্দিক ডিগ্রী কলেজের সামনে গতকাল বুধবার ভোরে এক ভয়াবহ সড়ক দুর্ঘটনায় ট্রাকের সহকারী চালক (হেলপার) সোহেল (২৬) ঘটনাস্থলেই প্রাণ হারিয়েছেন। গতকাল বুধবার ভোর রাত প্রায় ৪টার দিকে দ্রুতগতিতে ছুটে চলা একটি বালি বোঝাই ট্রাক গাছের সাথে ধাক্কা খেয়ে উল্টে গেলে এ মর্মান্তিক দুর্ঘটনা ঘটে।

প্রত্যক্ষদর্শী ও স্থানীয় সূত্রে জানা যায়, ভোররাতে এলাকার মানুষ ঘুমে আচ্ছন্ন থাকাকালীন হঠাৎ প্রচণ্ড বিকট শব্দ শোনা যায়। শব্দ শুনে আশপাশের বাসিন্দারা দ্রুত ঘটনাস্থলে ছুটে এসে দেখতে পান, ঢাকা মেট্রো-ট-২০-৪০০২ নম্বরের ট্রাকটি রাস্তার পাশে বড়সড় গাছের সাথে ধাক্কা খেয়ে উল্টে পড়ে আছে। চালকের আসনে আটকে থাকা একজনকে অচেতন অবস্থায় দেখা যায়। প্রথমে ধারণা করা হয় তিনি চালক, কিন্তু পরে জানা যায় তিনি ট্রাকের হেলপার সোহেল। স্থানীয়রা অনেক চেষ্টা করেও তাকে ট্রাক থেকে বের করতে ব্যর্থ হন।

খবর পেয়ে আলমডাঙ্গা ফায়ার সার্ভিসের একটি দল দ্রুত ঘটনাস্থলে পৌঁছে বিশেষ যন্ত্রের সাহায্যে গাড়ির ভেতর থেকে তাকে উদ্ধার করে। কিন্তু ততক্ষণে তিনি মারা গিয়েছিলেন। পরে লাশ আলমডাঙ্গা থানা পুলিশের কাছে হস্তান্তর করা হয়।

আলমডাঙ্গা থানার অফিসার ইনচার্জ (ওসি) মাসুদুর রহমান জানান, নিহত সোহেল ঝিনাইদহ জেলার মহেশপুর থানার তালশার গ্রামের গোলাম মোস্তফার ছেলে। পরিবারের পক্ষ থেকে লিখিত আবেদনের ভিত্তিতে ময়না তদন্ত ছাড়াই লাশ দাফনের অনুমতি দিয়ে হস্তান্তর করা হয়েছে।

স্থানীয় বাসিন্দাদের মতে, চুয়াডাঙ্গা-আলমডাঙ্গা সড়কে দীর্ঘদিন ধরেই অতিরিক্ত গতিতে বালি ও পাথর বোঝাই ট্রাক চলাচল করছে। এসব গাড়ির বেশিরভাগই রাতে ও ভোরে বেপরোয়া গতিতে চলে, ফলে নিয়ন্ত্রণ হারিয়ে দুর্ঘটনার ঝুঁকি বাড়ে। এলাকাবাসীর অভিযোগ, সড়কে গতি নিয়ন্ত্রণ ও আইন প্রয়োগ কার্যকরভাবে না হওয়ায় প্রায়ই ছোট-বড় দুর্ঘটনা ঘটছে। তারা অবিলম্বে এই সড়কে গতিসীমা নির্ধারণ, নিয়মিত ট্রাফিক টহল এবং ওভারলোড ও অতিরিক্ত গতি রোধে কঠোর ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন।

এদিকে দুর্ঘটনার পর থেকে স্থানীয়দের মধ্যে শোকের ছায়া নেমে এসেছে। নিহত সোহেলের পরিবারের সদস্যরা খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছে কান্নায় ভেঙে পড়েন। তরুণ এই হেলপারের অকাল মৃত্যুতে তার গ্রামের মানুষও গভীর শোক প্রকাশ করেছেন।

গাংনীর তেরাইলে সড়ক দুর্ঘটনায় পথচারি নিহত

মেহেরপুরের গাংনী উপজেলার তেরাইল গ্রামে মোটরসাইকেলের ধাক্কায় সড়ক দুর্ঘটনায় মোহাম্মদ মন্টু নামের এক পথচারি নিহত হয়েছেন। আহত হয়েছেন মোটরসাইকেলের দুই আরোহী।

আজ শুক্রবার বিকাল ৩ টার দিকে তেরাইল ব্রিজ সংলগ্ন অলিনগর নামক স্থানে এ দুর্ঘটনা ঘটে। নিহত মোহাম্মদ মন্টু তেরাইল গ্রামের কাতল আলীর ছেলে।

স্থানীয় সূত্রে জানা যায়, মেহেরপুর-কুষ্টিয়া সড়কের বামুন্দির দিক থেকে আসা একটি দ্রুতগতির মোটরসাইকেল নিয়ন্ত্রণ হারিয়ে পথচারী মন্টুকে ধাক্কা দিলে তিনি গুরতর জখম হয়ে মাটিতে লুটিয়ে পড়েন এবং কিছুক্ষণ পরই তাঁর মৃত্যু হয়। মোটরসাইকেলের দুই আরোহীও আহত হন। তাদের উদ্ধার করে বামুন্দি বাজারের একটি বেসরকারি ক্লিনিকে ভর্তি করা হয়েছে।

খবর পেয়ে বামন্দি ফায়ার সার্ভিস ও গাংনী থানা পুলিশ ঘটনাস্থলে পৌছে লাশ উদ্ধার করেছে।

মহেশপুরে মোটরসাইকেলের ধাক্কায় প্রাণ গেল নারীর

ঝিনাইদহের মহেশপুরে মোটরসাইকেলের ধাক্কায় জেলেহা বেগম (৫৫) নামের এক নারীর মর্মান্তিক মৃত্যু হয়েছে।

গতকাল শনিবার সন্ধ্যার দিকে উপজেলার জগনাথপুর মোড় এলাকায় এ দুর্ঘটনা ঘটে। নিহত জেলেহা বেগম উপজেলার জগনাথপুর গ্রামের কলম

হোসেনের স্ত্রী।

স্থানীয় সূত্রে জানা যায়, জেলেহা বেগম খালিশপুর মেয়ের বাড়ি থেকে নিজ বাড়িতে ফিরছিলেন। সন্ধ্যায় জগনাথপুর মোড় এলাকায় রাস্তা পার হতে গেলে দ্রুতগতির একটি মোটরসাইকেল তাকে সজোরে ধাক্কা দেয়। এতে তিনি রাস্তার উপর ছিটকে পড়ে গুরুতর আহত হন। পরে স্থানীয়রা আহত জেলেহা বেগমকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

ঘটনার সত্যতা নিশ্চিত করে মহেশপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম জানান, দুর্ঘটনায় জড়িত মোটরসাইকেলটি জব্দ করা হয়েছে। তবে চালককে আটক করা যায়নি। এ বিষয়ে আইনানুগ ব্যবস্থা নেওয়া হচ্ছে। এ ঘটনায় এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

কোটচাঁদপুরে দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় শিশু আহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে দ্রুতগামী মোটরসাইকেলের ধাক্কায় তিন বছরের শিশু আলামিন হোসেন আহত হয়েছে। শিশুটি তার মায়ের কোলে ছিল। ধাক্কায় মায়ের কোল থেকে ছিটকে পড়ে গেলে গুরুতর আহত হয় সে। ঘটনাটি ঘটেছে গত ২ এপ্রিল উপজেলার বলুহর গ্রামের শেখপাড়ায়। অভিযোগ করেও সাড়া না পেয়ে হতাশ পরিবারটি।

আহত শিশুর মা কাকলী বেগম জানান, “গত ২ এপ্রিল, বুধবার রাত ৮টার দিকে আমরা সবাই বাড়ির সামনে দাঁড়িয়ে ছিলাম বিয়েবাড়ি যাবার প্রস্তুতিতে। আলামিন ছিল আমার কোলে। হঠাৎ একটি দ্রুতগতির মোটরসাইকেল আমাকে ধাক্কা দেয়। ধাক্কায় আমার কোল থেকে আলামিন ছিটকে পড়ে যায়। মাটি থেকে তুলতেই বুঝতে পারি, কোথাও ভেঙে গেছে।”

তাৎক্ষণিকভাবে আলামিনকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাওয়া হলে সেখানকার চিকিৎসকরা ঈদের পরদিন হওয়ায় চিকিৎসক

সংকট দেখিয়ে কোনো চিকিৎসা না করেই শিশুটিকে যশোর হাসপাতালে রেফার করেন।

কাকলী বেগম আরও বলেন, “সেদিন মোটরসাইকেলে চারজন আরোহী ছিল। তাদের মধ্যে হৃদয় ঢালীকে আমি চিনতে পেরেছি। বাকি তিনজনকে চিনতে পারিনি। এলাকার লোকজন সালিশ করে মীমাংসার চেষ্টা করেছিল, কিন্তু ব্যর্থ হন। পরে গত ১২ এপ্রিল কোটচাঁদপুর থানায় লিখিত অভিযোগ করেছি। কিন্তু কয়েক দিন পেরিয়ে গেলেও এখনও কোনো ব্যবস্থা নেওয়া হয়নি।”

আহত শিশু আলামিন বলুহর গ্রামের ট্রাকচালক জাহিদুল ইসলামের ছেলে। বর্তমানে সে বাড়িতে চিকিৎসাধীন রয়েছে।

এ বিষয়ে কোটচাঁদপুর থানার সহকারী উপপরিদর্শক (এএসআই) মফিজুর রহমান বলেন, “ঘটনার বিষয়ে থানায় অভিযোগ করা হয়েছে। বিষয়টি নিয়ে আগামী শুক্রবার ওসি স্যার দুই পক্ষকে নিয়ে বসবেন।”

কুষ্টিয়ার মিরপুরে ট্রাকের ধাক্কায় ভ্যানচালক নিহত

কুষ্টিয়ায় ট্রাকের ধাক্কায় ইউনুস আলী (৭০) নামে ব্যাটারিচালিত অটোভ্যানের এক বৃদ্ধ চালক নিহত হয়েছেন।

বুধবার (১৬ এপ্রিল) সকাল সাড়ে ১০টার দিকে কুষ্টিয়া-মেহেরপুর মহাসড়কের মিরপুর উপজেলার সদরপুর ইউনিয়নের আমতলা বাসস্ট্যান্ডে এ দুর্ঘটনা ঘটে।

নিহত ইউনুস আলী পার্শ্ববর্তী দৌলতপুর উপজেলার ইউসুফপুর এলাকার মৃত ইমান মালিথার ছেলে।

প্রত্যক্ষদর্শীর বরাত দিয়ে মিরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মমিনুল ইসলাম জানান, আমতলা-দৌলতপুর সড়ক দিয়ে ভ্যান চালিয়ে ইউনুস আলী আমলা বাজারে যাচ্ছিলেন। পার্শ্ববর্তী রাস্তা থেকে আমতলা বাসস্ট্যান্ডে ওঠার সময় মেহেরপুর থেকে কুষ্টিয়াগামী আলু

বোঝাই একটি ট্রাক অটোভ্যানটিকে ধাক্কা দিলে ঘটনাস্থলেই ভ্যানচালক ইউনুস আলীর মৃত্যু হয়। ঘটনাস্থল থেকে মরদেহটি উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। তবে ট্রাকটি জব্দ করলেও চালক পালিয়ে গেছেন বলেও জানান তিনি।

কোটচাঁদপুরে বাসের ধাক্কায় ভ্যানচালক নিহত

ঝিনাইদহের কোটচাঁদপুরে বাসের ধাক্কায় চৈতন্য পাল (৪০) নামে এক ভ্যানচালক নিহত হয়েছেন। তিনি ফাজিলপুর গ্রামের কার্তিক পালের ছেলে।

রবিবার সকাল আনুমানিক ৮টার দিকে উপজেলার এলাঙ্গী ইউনিয়ন পরিষদের পাশে মাঠের মধ্যে এ দুর্ঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, চৈতন্য পাল পেশায় ভ্যানচালক। তিনি সকালে পাতবিলা থেকে কলা নিয়ে সাবদারপুর বাজারে যাচ্ছিলেন। পথিমধ্যে এলাঙ্গী ইউনিয়ন পরিষদের সামনে পৌঁছালে একটি দ্রুতগামী বাস তাকে ধাক্কা দিয়ে পালিয়ে যায়। ধাক্কায় ভ্যান থেকে ছিটকে পড়ে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়।

কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরি বিভাগের দায়িত্বরত উপ-সহকারী মেডিকেল অফিসার মাহাবুবুর রহমান জানান, সকাল ৯টার দিকে চৈতন্য পালকে হাসপাতালে আনা হলে তাকে মৃত ঘোষণা করা হয়। পরে লাশ পোস্টমর্টেমের জন্য পাঠানো হয়েছে।

নিহতের চাচাতো ভাই তারিফ জানান, দুর্ঘটনাটি ফাঁকা মাঠের মধ্যে হওয়ায় প্রত্যক্ষদর্শী কেউ ছিল না। ফলে কোন বাসটি ধাক্কা দিয়েছে, তা নিশ্চিত হওয়া যায়নি। তবে কিছুটা দূরে থাকা লোকজন জানিয়েছেন, ওই সময় ‘হাজী ডিলাক্স’ ও ‘দর্শনা ডিলাক্স’ নামের দুটি বাস ঘটনাস্থল অতিক্রম করেছিল।

কোটচাঁদপুর মডেল থানার এসআই আল আমিন জানান, দুর্ঘটনার খবর পেয়ে

ঘটনাস্থলে পৌঁছে দেখি মূল সড়কের ওপর চৈতন্য পালের মরদেহ পড়ে রয়েছে। পরে তার স্বজনদের সহায়তায় মরদেহ হাসপাতালে পাঠানো হয়। তিনি আরও জানান, দুর্ঘটনাটি সকাল বেলা এবং ফাঁকা এলাকায় ঘটায় কোন বাস ধাক্কা দিয়েছে, তা এখনও নিশ্চিত করা সম্ভব হয়নি।

নিহত চৈতন্য পাল ছিলেন পিতার একমাত্র ছেলে এবং দুই সন্তানের জনক। তিনি পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি ছিলেন। তার মৃত্যুতে পরিবারে শোকের ছায়া নেমে এসেছে।

কুষ্টিয়ায় অটোরিকশার ধাক্কায় শিশুর মৃত্যু

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয় (ইবি) থানা এলাকায় অটোরিকশার ধাক্কায় ৯ বছরের শিশু নিহত হয়েছে।

শনিবার (৫ এপ্রিল) দুপুরে ইবি থানার ঝাউদিয়া গ্রামে এ ঘটনা ঘটে। নিহত শিশু আমির হামজা (৯) ঝাউদিয়া গ্রামের সবুজ আলীর ছেলে।

নিহতের স্বজন ও পুলিশ সূত্রে জানা যায়, আজ দুপুরে আমির হামজা দৌঁড়ে রাস্তা পারাপার হওয়ার সময় একটি অটোরিকশা ধাক্কা দেয়। পরে স্বজনরা তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে নিয়ে যায়।

ঝাউদিয়া ক্যাম্পের ইনচার্জ উপ-পরিদর্শক (এসআই) লিটন আলী বলেন, অটোরিকশার ধাক্কায় একটি ৯ বছরের একটি শিশুর মৃত্যু হয়েছে। কোনো অভিযোগ না থাকাই মরদেহ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে।